# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৩৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - যাকাত যাদের জন্য হালাল নয়

## আরবী

عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ قَالَ: شَرِبَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ لَبَنًا فَأَعْجَبَهُ فَسَأَلَ الَّذِي سَقَاهُ: مِنْ أَيْنَ هَذَا اللَّبَنُ؟ فَأَخْبَرَهُ أَنَّهُ وَرَدَ عَلَى مَاءٍ قَدْ سَمَّاهُ فَإِذَا نَعَمٌ مِنْ نَعَمِ الصَّدَقَةِ وَهُمْ يَسْقُونَ فَحَلَبُوا مِنْ أَلْبَانِهَا فَجَعَلْتُهُ فِي سِقَائِي فَهُوَ هَذَا: فَأَدْخل عمر يَده فاستقاءه. رَوَاهُ مَالِكٌ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

## বাংলা

১৮৩৬-[১৬] যায়দ ইবনু আসলাম (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (একদিন) আমীরুল মু’মিনীন ’উমার ফারূক (রাঃ)দুধ পান করলেন। তা তার খুব ভাল লাগলো। দুধ পরিবেশনকারীকে তিনি জিজ্ঞেস করলেন, এ দুধ তুমি কোত্থেকে এনেছ? সে একটি কূয়ার নাম উল্লেখ করে বলল, ওখানে গিয়ে দেখি যাকাতের অনেক উটকে, পানি পান করানো হচ্ছে। উটের মালিকগণ দুধ দোহন করলে এর থেকে সামান্য দুধ নিয়ে আমি আমার মশকে ঢেলে নিয়েছি। এ সে দুধ। এ কথা শুনামাত্র ’উমার (রাঃ) নিজের মুখে হাত ঢুকিয়ে বমি করে দিলেন। (মালিক, বায়হাক্বী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : মুয়াত্ত্বা মালিক ৯২৪। কারণ হাদীসটি মুনক্বত্বি‘, যেহেতু যায়দ ইবনু আসলাম এবং ‘উমার (রাযিঃ)-এর মাঝে বিচ্ছিন্নতা রয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে ‘উমার (রাঃ)-এর দীনদারীর আলামত পরিষ্কার হয়ে যায় যে, হারাম সন্দেহে তিনি সদাক্বার উটের কি-না সন্দেহে মুখের ভিতরে হাত দিয়ে বমি করে দুধ তুলে ফেলেন। তবে হাদীসটি মুনক্বাতি'। আর এরূপ ঘটনা আবূ বাকর থেকেও বর্ণিত হয়েছে। তিনি গোলামের দেয়া দুধ পান করার পর সদাক্বাহ্ (সাদাকা) বুঝতে পেরে বমি করেন এবং সব তুলে ফেলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56396

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন